# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 23-01-2026** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) এসআইআর নিয়ে অশান্তি বিক্ষোভের মধ্যেই গতকাল রাজ্যের জন্য নিযুক্ত ৩৩ জন বিশেষ রোল অবজার্ভারের সঙ্গে বৈঠক করেছেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল।

২) বিজেপি যুব মোর্চা রাজ্যে শিক্ষা, স্বাস্থ্য, নিয়োগ দুর্নীতির মত নানা বিষয় তুলে ধরে চাকরী চায় বাংলা নামে একটি কর্মসূচীর সূচনা করেছে।

৪) রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালে প্রতিটি বিভাগে কত বেড ফাঁকা রয়েছে, তা ওয়েবসাইটে "ডিজিটাল প্লাটফর্ম" এর মাধ্যমে প্রকাশ করতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) মহান বিপ্লবী নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী আজ পরাক্রম দিবস হিসাবে পালিত হচ্ছে। ভিক্টোরিয়া মেমোরিয়ালে এই উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ।

৬) দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে।

৭) আজ সরস্বতী পুজো। বাগদেবীর আরাধনা চলছে সর্বত্র।

---

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও এসআইআর নিয়ে অশান্তি, বিক্ষোভের মধ্যেই গতকাল রাজ্যের জন্য নিযুক্ত ৩৩ জন বিশেষ রেলে অবজার্ভারকে নিয়ে বৈঠক করেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল। এসআইআর প্রক্রিয়ায় রোল অবজার্ভারদের ভূমিকা ঝুলিয়ে দেওয়াই এই বৈঠকের উদ্দেশ্য ছিল বলে শ্রী আগারওয়াল জানিয়েছেন।

বাইট

রাজ্যের বিভিন্ন প্রান্তে এসআইআর কেন্দ্রিক হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন এসআইআর-এর নামে পশ্চিমবঙ্গে যা হচ্ছে, তা দেসের অন্য কোনো রাজ্যে হচ্ছে না। তবে সুষ্ঠুভাবে এসআইআর প্রক্রিয়া ছাড়া কোনোভাবেই ভোট করা যাবে না বলে স্পষ্ট জানান শমীক ভট্টাচার্য্য।

বাইট

---------------------

বিজেপি যুব মোর্চা রাজ্যে শিক্ষা, স্বাস্থ্য, নিয়োগ দুর্নীতির মত নানা বিষয় তুলে ধরে চাকরী চায় বাংলা নামে একটি কর্মসূচীর সূচনা করেছে। রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের অপসারণের দাবিতে বরখাস্ত পত্র লিখে তা নবান্নে রাজ্য সচিবালয়ে পাঠানো হবে বলে জানা গেছে। তাতে সই করানো হবে অন্তত ১০ লক্ষ যুবক যুবতীকে। রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল এর সূচনা করেন। তিনি বলেন, মুখ্যমন্ত্রী শিক্ষিত বেকার যুব সমাজকে চপ-ঘুগনি বিক্রি করতে বলছেন। এর প্রতিবাদে যুব সমাজই তাকে বরখাস্তের চিঠি ধরাবে।

---------------------

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে গতকাল খড়গপুর পুরসভার নির্বাচিত বোর্ড ভেঙে দিয়েছে রাজ্য সরকার। পুর ও নগরোন্নয়ন দপ্তর এর তরফে এই সংক্রান্ত একটি চিঠি পৌর বোর্ডের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। জানা গেছে, বেহাল পুরপরিষেবা, দূর্নীতি সহ একগুচ্ছ অভিযোগের ভিত্তিতে এই পৌরসভা কে মাসখানেক আগেই কারণ দর্শানোর চিঠি দিয়েছিল পুর ও নগরোন্নয়ন দপ্তর।

---------------------

রাজ্য সরকারকে প্রশ্ন করায় সাংবাদিকদের হেনস্থা করা হচ্ছে বলে বিজেপি এরাজ্যের ভারপ্রাপ্ত পর্যবেক্ষক অমিত মালভিয়া অভিযোগ করেছেন। একটি বেসরকারি টি ভি চ্যানেলের সাংবাদিক সন্তু পান-কে জিজ্ঞাসাবাদের জন্য রাজ্য পুলিশের তলবের কথা উল্লেখ করে শ্রী মালভিয়া মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করা পশ্চিমবঙ্গে অপরাধ বলে গণ্য হচ্ছে কিনা, সেই প্রশ্ন তোলেন।

---------------------

কলকাতায় আইপ্যাকের কার্যালয় এবং এর কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে ইডি অভিযানকে ঘিরে বিতর্কের মধ্যেই কেন্দ্রীয় সংস্থাটির অধিকর্তা রাহুল নবীন গতকাল কলকাতায় এসেছেন। তাঁর সঙ্গে তদন্তকারী সংস্থার কয়েকজন আইনজীবী ও শীর্ষকর্তাও রয়েছেন বলে জানা গেছে। আজ সিজিও কমপ্লেক্সে ইডির তদন্তকারী অফিসার, আইনজীবীদের সঙ্গে ইডি অধিকর্তা বৈঠক করবেন বলে জানা গেছে।

---------------------

খাদ্য দ্রব্যে ভেজাল ও কৃত্রিম রং-এর ব্যবহার রুখতে ব্যবসায়ীদের গাফিলতি দেখা গেলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। এ সংক্রান্ত একটি জনস্বার্থ মামলার শুনানিতে গতকাল রাজ্যের তরফে হাইকোর্টে রিপোর্ট জমা দেওয়া হয়। প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ এবিষয়ে রাজ্যের স্বাস্থ্য দপ্তরকে তৎপর হওয়ার জন্য বলেছে। পাশাপাশি খাদ্য সুরক্ষা দপ্তরে শূন্য পদ থাকলে তা দ্রুত নিয়োগ করারও পরামর্শ দিয়েছে আদালত।

---------------------

সড়ক, মহাসড়ক, রেল, পরিবেশ বান্ধব শক্তির বিকাশ সহ নানান প্রকল্পের কাজ চলছে দেশে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। Pro-Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি) পরিমণ্ডলের ভারতে মহাসড়কের বিস্তারে জাতীয় মহাসড়ক কতৃপক্ষ NHAI ৯৬৪টি প্রকল্প হাতে নিয়েছে। এগুলির মধ্যে ২৭৩ প্রকল্প-এর সরাসরি নজরদারী চালান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রগতি-র মাধ্যেমে নেওয়া প্রকল্পগুলির বাস্তবায়নের সময় উঠে আসা বিভিন্ন রকম বাধার দ্রুত সমাধানের চেষ্টা করা হয়। পশ্চিমবঙ্গে ৩৯৩০ কোটি টাকার ২৬টি সড়ক প্রকল্পের মধ্যে ৬০টি প্রকল্পের কাজ চলছে। এই রাজ্যের সড়ক নির্মানের সময়, NHAI বেশি কয়েকটি বিষয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। পরবর্তী সময়ে কয়েকটির নিস্পত্তি করে দ্রুত কাজ এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

---------------------

প্রতি শনিবার ব্যাংকে ছুটি সহ একাধিক দাবিতে নিয়ে ব্যাংক কর্মীদের ৯ টি সংগঠনের ডাকা বন্ধের প্রেক্ষিতে দিল্লিতে আজ আবার বৈঠক হবে। সমাধান সূত্র বের করতে গতকাল Chief Labour Commissioner এর ডাকা ওই ত্রিপাক্ষিক বৈঠকে কোন বিষয় চূড়ান্ত না হওয়ায় আজ আবার বৈঠক ডাকা হয়েছে বলে জানা গেছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---------------------

রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালে প্রতিটি বিভাগে কত বেড ফাঁকা রয়েছে তা ওয়েবসাইটে "ডিজিটাল প্লাটফর্ম" এর মাধ্যমে প্রকাশ করতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ ৩০ দিনের মধ্যে রাজ্য সরকারকে এরজন্য নির্দিষ্ট ওয়েবসাইট তৈরি করতে বলেছেন। রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালের প্রতিটি বিভাগে কত বেড আছে আছে

তা ওয়েবসাইটে জানাতে হবে। কোনো অসুস্থ রোগীকে হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই পরিবারের লোক ওই ওয়েবসাইটের মাধ্যমে যাতে সংশ্লিষ্ট বিভাগের বেড সংখ্যা জানতে পারেন সেই লক্ষ্যে এই পদক্ষেপ। সমস্ত সরকারি এবং বেসরকারি হাসপাতালে কত শয্যা ফাঁকা আছে এবং তারা স্বাস্থ্যসাথী কার্ডের সুবিধা দেয় কিনা তা ডিসপ্লে বোর্ডের মাধ্যমে জানানোর দাবী নিয়ে সঞ্জিত জানা নামে এক ব্যাক্তি কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন। সেই মামলার পরিপ্রেক্ষিতেই নির্দেশ হাইকোর্টের।

---------------------

মহান বিপ্লবী নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী আজ পরাক্রম দিবস হিসেবে পালিত হচ্ছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ মূল অনুষ্ঠানটি হবে ময়দানে নেতাজি মূর্তির পাদদেশে। নেতাজির জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল-এ পরাক্রম দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে যোগ দেবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস সহ বিশিষ্টজনেরা। রাজ্য সচিবালয় নবান্নে নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হবে। Elgin রোডে নেতাজি রিসার্চ ব্যুরো, নেতাজির বাসভবনে দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার পুর ভবনেও আয়োজিত অনুষ্ঠানে নেতাজির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম সহ বিশিষ্টজনেরা। উল্লেখ্য, নেতাজি একসময় কলকাতা পুরসভার মেয়র পদে আসীন ছিলেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ,সামাজিক ও রাজনৈতিক সংগঠনগুলির পক্ষ থেকেও আজ নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

----------------------

দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে। রাজ্য শিশু কিশোর একাডেমী এবং তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই উৎসব চলবে আগামী ২৯ তারিখ পর্যন্ত। নন্দন ১ প্রেক্ষাগৃহে আজ সন্ধ্যে ৬ টায় সত্যজিৎ রায়ের বিখ্যাত ছবি সোনার কেল্লা দিয়ে শুরু হবে এই চলচ্চিত্র উৎসব। সাত দিন ধরে শহরের আটটি প্রেক্ষাগৃহে ৩২ টি দেশের ১৮০ টি সিনেমা দেখানো হবে। যার মধ্যে ছোটদের প্রিয় ফেলুদা সিরিজের বারোটি সিনেমা রয়েছে। থাকবে ছোটদের জন্য সিনেমা নিয়ে কুইজ এবং গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় গুপ্তধনের সন্ধানে শীর্ষক প্রদর্শনী।

----------------------

আজ সরস্বতী পুজো। ফল ফুল, পুজোর উপকরণের চড়া দাম সত্ত্বেও বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ঘরে ঘরে জ্ঞান-বিদ্যার অধিষ্ঠাত্রী দেবীর আরাধনার আয়োজন করা হয়েছে।

একটি প্রতিবেদন-

ভয়েসকাস্ট

----------------------

রাজ্যের আজ ও আগামীকাল সর্বনিম্ন তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি হ্রাস পাওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে একটু বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিক। কোন

কোন জেলায় সকালের দিকে কুয়াশা থাকলেও আগামী সাতদিন রাজ্যে রৌদ্রোজ্জ্বল শুষ্ক আবহাওয়া থাকবে।

---------------------- ----------------------